

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৮৭২

কুমারঘাট, ১৫ ফেব্রুয়ারি, ২০২৪

এমজিএন রেগায় কুমারঘাট ব্লকে ইট সলিং রাস্তা

এমজিএন রেগায় চলতি অর্থবছরে কুমারঘাট ব্লকে ২০টি ইট সলিং রাস্তা নির্মাণ করা হচ্ছে। ব্লক এলাকার যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে এই রাস্তাগুলি নির্মাণ করা হচ্ছে। এজন্য ব্যয় হবে ৮৫ লক্ষ ২ হাজার ২৩৩ টাকা। তাছাড়া কুমারঘাট ব্লকের কাঞ্চনবাড়ি গ্রামপঞ্চায়েতে একটি পেভারব্লক রাস্তা ও একটি ড্রেইন নির্মাণ করা হবে। এজন্য ব্যয় হবে ৭ লক্ষ ৬৫ হাজার ৬৮৫ টাকা। ব্লকের রাজকান্দি ভিলেজে একটি ক্রস ড্রেইন নির্মাণ করা হবে। এজন্য ব্যয় হবে ৩ লক্ষ ৮৩ হাজার ১৩৪টাকা। তাছাড়া রাজনগর গ্রামপঞ্চায়েতে ১টি আরসিসি ড্রেইন নির্মাণ করা হবে। এজন্য ব্যয় হবে ৮ লক্ষ ২৯ হাজার ৮০১ টাকা। ব্লকের তরগীনগর গ্রামপঞ্চায়েতে ১টি বক্স কালভার্ট নির্মাণ করা হবে। এজন্য ব্যয় হবে ৯ লক্ষ ৫৯ হাজার ৭১১ টাকা।
